# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।
ফোন: ০২-৭৬৩২২৮০

**OFFICE OF THE**
EXECUTIVE ENGINEER
DREDGER OPERATION DIVISION
BWDB, NARAYANGANJ.
Tele: 02-7632280

E-mail: xen.dredger.narayanganj@bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.৬৭০০.৩০১.৪২.০০১.২৪-১২৩ তারিখ: ২৭-০৮-২০২৪ খ্রিঃ।

## সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি ও নবায়নের জন্য আবেদনপত্র আহবান করা হয়; যা ২৯-০৮-২০২৪ খ্রিঃ শেষ হবে। সুতরাং বোর্ডের কাজের স্বার্থে এবং সীমিত দরপত্র পদ্ধতিতে প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি ও নবায়নের সময় আগামী ১৯-০৯-২০২৪ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হলো। পুনঃ নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) **উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ** এর অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ (সরকারি ছুটির দিন ব্যতীত) বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদানের জন্য বলা হলো। উল্লেখ্য, পুনঃ নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় ও গ্রহন এবং নবায়নের আবেদন গ্রহন করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী নবায়নের আবেদনের তফসিলঃ**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের ধরন | তালিকাভুক্তি ও নবায়ন আরম্ভের তারিখ | তালিকাভুক্তি ও নবায়ন গ্রহণের বর্ধিত তারিখ |
|---|---|---|---|
| ০১. | ঠিকাদার/সরবরাহকারী ২০২৪-২৫ অর্থ বছরের তালিকাভুক্তি ও নবায়ন | ০১-০৮-২০২৪ খ্রিঃ | ১৯-০৯-২০২৪ খ্রিঃ |

**ঠিকাদার/তালিকাভুক্তির (কার্য-ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১ | আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট; ৩। আইটি ক্লিয়ারেন্স সার্টিফিকেট; ৪। ২৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ (বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ বর্ধিত তারিখের মধ্যে হতে হবে); ৫। জাতীয় পরিচয়পত্র; ৬। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি; ৭। প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা; ৮। ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০.০০ (তিনশত) টাকার স্ট্যাম্পের অঙ্গিকার নামা; ৯। অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ০২ | তালিকাভুক্তি ফি (প্রাথমিক মূল্যায়নের উত্তীনের পরে) | টাঃ ৫,০০০.০০ (পাঁচ হাজার) মাত্র ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ টাঃ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) মাত্র (অফেরতযোগ্য) পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ** এর অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

**ঠিকাদার/নবায়নের প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| ক্রমিক নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১ | আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট; ৩। ২৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ (বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে) |
| ০২ | নবায়ন ফি (প্রাথমিক মূল্যায়নের উত্তীনের পরে) | টাঃ ২,০০০.০০ (দুই হাজার) মাত্র ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ টাঃ ৩০০/- (তিনশত) মাত্র এর (অফেরতযোগ্য) পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ** এর অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

- উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই স্বপক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

২৭/৮/২০২৪
(মোঃ আশরাফুজ্জামান)
পরিচিতি নং-৮৮০৬২৮০০১
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

(চলমান পাতা-০২)

স্মারক নং-৪২.০১.৬৭০০.৩০১.৪২.০০১.২৪-১২৩/১(১৩) তারিখ: ২৭-০৮-২০২৪ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা (সংশোধিত বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা (সংশোধিত বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৮। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৯। উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার অপারেশন উপ-বিভাগ-১/২, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১১। সহকারী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার অপারেশন উপ-বিভাগ-২, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১২। প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ। তাহাকে ঠিকাদারের তালিকাভূক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভূক্তি নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নথি/নোটিশ বোর্ড।

২৭/৮/২০২৪

নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।